গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ

স্মারক: ০৫.৪৩.৭০৬৬.০০০.০৭.০০৪.২৬.২৪২

তারিখ: ১৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
২৯ মার্চ ২০২৬ খ্রি.

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখার ১৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিঃ তারিখের স্মারক নং-৩১.০০.০০০০.০৫০.৬৮.০০০১.২৬.১০১ এর নির্দেশনা মোতাবেক চাঁপাইনবাবগঞ্জ জেলার চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলাধীন ২০ একর পর্যন্ত পৃথক তালিকায় বর্ণিত পুকুর/জলমহালগুলো ২য় ধাপে ম্যানুয়াল পদ্ধতিতে বাংলা ১৪৩৩-১৪৩৫ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের জন্য নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী সমিতির নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে।

উল্লেখ্য, উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ এর অনুকূলে যে কোনো তফসিলী ব্যাংক হতে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিয়ে উপজেলা ভূমি অফিস, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ হতে আবেদন ফরম সংগ্রহ করা যাবে।

| ক্রম | সিডিউল বিক্রয়ের সময় | সিডিউল দাখিলের সময় ও স্থান |
|---|---|---|
| ০১ | ১৫ চৈত্র ১৪৩২ হতে ২৩ চৈত্র ১৪৩২<br>(২৯ মার্চ ২০২৬ হতে ০৬ এপ্রিল ২০২৬)<br>এর মধ্যে অফিস চলাকালীন সময় | তারিখ: ০৭ এপ্রিল ২০২৬<br>সকাল ০৯.০০ টা হতে বেলা : ০৩.০০ টা পর্যন্ত<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ সদর,চাঁপাইনবাবগঞ্জ |

বি:দ্র: জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী সকল শর্তাবলি বহাল থাকবে।

২৯/০৩/২৬

(মো: ইকরামুল হক নাহিদ)
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার (ভা:)
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ

CS CamScanner

জলমহাল বন্দোবস্ত প্রদানের শর্তাবলী:

১. সমবায় ও সমাজ সেবা অধিদপ্তরে নিবন্ধিত জলমহালের নিকটবর্তী/তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি বা সমিতিসমূহ জলমহাল ইজারা নেয়ার জন্য আবেদন করতে পারবে। জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে। কোন ব্যক্তি বা সমবায় ও সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক মৎস্যজীবী হিসেবে নিবন্ধিত নয় এমন কোন সংগঠন/সমিতি আবেদন করতে পারবে না।

২. আবেদনকারীকে আবেদন ফরমের সাথে নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম, ঠিকানা (ছবিসহ), সভার কার্যবিবরণী (গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত), ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট ও আবেদন ফরমে বর্ণিত অন্যান্য কাগজপত্র দাখিল করতে হবে।

৩. আবেদন ফরম যাচাই-বাছাইয়ের পর উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় আবেদনের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

৪. আবেদন ফরম ব্যবহারের মেয়াদ কেবলমাত্র নির্দিষ্ট তারিখে অর্থাৎ যে তারিখের জন্য ক্রয় করা হবে সেই তারিখে এবং যে জলমহালের জন্য ক্রয় করা হবে শুধুমাত্র সে জলমহালের ক্ষেত্রে দাখিলের জন্য প্রযোজ্য হবে। নির্ধারিত তারিখের পূর্বে ক্রয়কৃত কোন আবেদন ফরম দাখিল করা হলে তা বাতিল বলে গণ্য হবে। অর্থাৎ আবেদন ফরম ক্রয়ের পর আবেদন করার তারিখ অতিক্রান্ত হলে পরবর্তী কোন তারিখে উক্ত আবেদন ফরমটি গ্রহণযোগ্য হবে না। উপরোক্ত আবেদনের সাথে সংযুক্ত ব্যাংক ড্রাফট বাজেয়াপ্ত করা হবে।

৫. খামের উপর উপজেলাসহ জলমহালের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

৬. ঘষামাজা-কাটাছেড়া কিংবা অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরমে কোন প্রকার ফ্লুইড ব্যবহার করা যাবে না এবং ফ্লুইড ব্যবহার করা হলে তা বাতিল বলে গণ্য হবে।

৭. প্রত্যেকটি জলমহালের জন্য আলাদা আলাদা আবেদনপত্র দাখিল করতে হবে। অস্পষ্ট, অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৮. কোন জলমহালের ইজারা/ব্যবস্থাপনা সম্পর্কে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় সিদ্ধান্ত গ্রহণ করার পরও কেউ যদি ঐ জলমহালের জন্য পুনরায় আবেদনপত্র দাখিল করে তাহলে আবেদনটি সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯.আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে মূসক নিবন্ধন সার্টিফিকেট "মূসক-৮" সংযুক্ত করে দাখিল করতে হবে।

১০. সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতিত অন্য কোন সদস্য থাকলে বা কার্য নির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না।

১১. আবেদনকারী মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন বর্তমানে কার্যকর আছে এর প্রমানস্বরূপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তা (প্রযোজ্যক্ষেত্রে) কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রসহ বিগত ২ বছরের অডিট রিপোর্ট দাখিল করবেন। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবী সমবায় সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

১২. নির্দিষ্ট ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতিকে তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে।

১৩. মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাই বাছাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি'র কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারামূল্য পরিশোধে খেলাপি হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে কোন জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

CamScanner

১৪. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে বন্দোবস্ত/ইজারা প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ১ম বছরের সাকুল্য ইজারামূল্য পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ইজারা গ্রহীতা নিজ উদ্যোগে চুক্তিপত্র সম্পাদন করবেন ও জলমহালের দখল বুঝে নিবেন।

১৫.ইজারামূল্য পরিশোধের সঙ্গে সঙ্গে অনুমোদিত আবেদনকারী সমিতি/সংগঠনকে স্ব-উদ্যোগে ইজারাচুক্তি সম্পাদনক্রমে নিজ উদ্যোগে জলমহালের দখল গ্রহণ করতে হবে। যথাসময়ে জলমহালের দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণ করা হবে না। লিজ চুক্তি সম্পাদন ব্যতিত জলমহাল হস্তান্তর করা হবে না।

১৬. ১ম বছরের সমুদয় অর্থ জমা দিয়ে কৃতকার্য আবেদনকারীকে নির্ধারিত ফরমে ৩০০/- টাকা মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে। ইজারাচুক্তি সম্পাদনের সময় ৩ (তিন) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

১৭.মামলা জনিত কারণে/উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশের কারণে বা অন্যকোন আইনসংগত কারণে জলমহালসমূহ সময়মত দখল না পাওয়ার বিষয়ে কোন অজুহাত গ্রহণযোগ্য হবে না। ০১ বৈশাখ ১৪৩৩ বাংলা সন থেকে ইজারা কার্যকর হবে।

১৮. ইজারা গ্রহীতাকে প্রত্যেক বছরের ইজারামূল্যের অতিরিক্ত সরকার নির্ধারিত হারে ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করতে হবে।

১৯. জলমহালের ইজারামূল্যের ২০% অর্থ জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনকারীকে আবেদনের সাথে দাখিল করতে হবে। উক্ত টাকা ইজারার শেষ বছরের লিজমানির সাথে সমন্বয় করা হবে।

২০. ২য় বছরের সম্পূর্ণ ইজারামূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং পরবর্তী বছরের ইজারামূল্য একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতিত সমুদয় ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

২১. সময়মত লিজ মানি পরিশোধ না করা হলে জলমহালের লিজ বাতিল করে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথা নিয়মে লিজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

২২. লিজ গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লিজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লিজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্টিকে হস্তানৃতর করতে পারবেনা এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবেনা। যদি তা করে থাকে তাহলে উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর উক্ত লিজ বাতিল করে দিবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করবেন। উক্ত লিজ গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

২৩. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

২৪. যে সকল জলমহালের উপর আদালতের/উর্ধ্বতন কর্তৃপক্ষের স্থিতাবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞার আদেশ রয়েছে সে সকল জলমহালের জন্য এ বিজ্ঞপ্তি কার্যকর হবে না এবং কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। স্থিতাবস্থা/স্থগিতাদেশ/ নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের পর যথা নিয়মে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

২৫. বৎসরের যেকোন সময়ই ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা পহেলা বৈশাখ ১৪৩৩ বাংলা সন হতে কার্যকর বলে গণ্য হবে।

২৬. জলমহাল সংক্রান্ত বিধিসমূহ সর্বক্ষেত্রে প্রযোজ্য হবে।

২৭. আদালতের কোন মামলা/প্রাকৃতিক কারণে কোন ক্ষতিগ্রস্থতার অজুহাত গ্রহণযোগ্য হবে না।

CamScanner

২৮. প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরনের কোন কার্যক্রম জলমহালের বিপরীতে গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না। এরূপ করা হলে ইজারা বাতিল করা হবে।

২৯. বদ্ধ জলমহাল ০৩ (তিন) বছর মেয়াদে বন্দোবস্ত দেয়া হবে।

৩০. লিজ গ্রহীতা জলমহালের পরিসীমা বজায় রাখবেন এবং সংরক্ষণ করবেন এবং কেউ যাতে সংশ্লিষ্ট জলমহালে অনুপ্রবেশ বা বেআইনীভাবে দখল করতে না পারে তা নিশ্চিত করবেন।

৩১. জলমহালের কোন অংশে স্থায়ী/অস্থায়ী বাঁধ/প্রতিবন্ধকতা স্থাপন করা যাবে না যাতে ফৌজদারি কার্যবিধির ১৩৩ ধারা অথবা মৎস্য রক্ষা ও সংরক্ষন আইন' ১৯৫০ এর কোন বিধান লঙ্ঘিত হয়।

৩২. অনুমোদিত ইজারা গ্রহীতা সরকার বা কালেক্টর কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবে না। কালেক্টর বা সরকারি মৎস্য বিভাগ কর্তৃক সকল আদেশ নিষেধ ইজারা গ্রহীতা পালন করতে বাধ্য থাকবেন। মৎস্য আহরণে প্রযোজ্য ক্ষেত্রে পাইল পদ্ধতি অনুসরণ করতে হবে।

৩৩. ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল, ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল আইন ও সরকারি আদেশ, জলমহাল ব্যবস্থাপনার সকল সরকারি আদেশ যেগুলো এখানে উল্লেখ করা সম্ভব হয়নি, সেই আদেশের/আইনের সকল শর্তাবলী এই বিজ্ঞপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়া পরবর্তীতে সরকার কর্তৃক প্রদত্ত যে কোন আদেশ/নির্দেশ এবং বিধি বিধানও আবেদনকারী মেনে চলতে বাধ্য থাকবেন।

৩৪. জলমহাল ইজারা নেয়ার পরে কোন সংগঠন/সমিতি জলমহাল ভরাট বা অন্যকোন অজুহাত উত্থাপন করতে পারবেন না। প্রয়োজনে আবেদন দাখিলের পূর্বে সমিতি/সংগঠন সরেজমিনে জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে ইজারা কার্যক্রমে অংশ গ্রহণ করবে।

৩৫. আবেদনের সাথে প্রতিটি পুকুর/জলাশয়ের জন্য একটি ৫০০/-(পাঁচ শত) টাকা অফেরযোগ্য উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর বরাবরে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার থাকতে হবে।

৩৬. কোন কারণ দর্শানো ছাড়াই যেকোন/সকল আবেদনপত্র গ্রহণ/বাতিলের সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৯/০৬/২৫

(মো: ইকরামুল হক নাহিদ)
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার (ভা:)
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ

স্মারক নং: ৩১.৪৩.৭০৬৬.০০০.০৭.০১২.২৬. ৭৫৮

তারিখ: ১৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
২৯ মার্চ ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও নোটিস বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য প্রেরণ করা হলো।

০১। মাননীয় সংসদ সদস্য, ৪৫ চাঁপাইনবাবগঞ্জ-৩
০২। জেলা প্রশাসক, চাঁপাইনববাগঞ্জ।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), চাঁপাইনবাবগঞ্জ।
০৪। প্রশাসক, উপজেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ সদর
০৫। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/নাচোল/শিবগঞ্জ/গোমস্তাপুর/ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
০৬। সহকারী কমিশনার (ভূমি), শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট
০৭। জেলা মৎস্য অফিসার, চাঁপাইনবাবগঞ্জ
০৮। জেলা তথ্য অফিসার, চাঁপাইনবাবগঞ্জ
০৯। জেলা সমবায় অফিসার, চাঁপাইনবাবগঞ্জ
১০। উপজেলা মৎস্য অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/ শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট
১১। উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট
১২। সাব-রেজিস্ট্রার, চাঁপাইনবাবগঞ্জ সদর শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট
১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা চাঁপাইনবাবগঞ্জ সদর শিবগঞ্জ/গোমস্তাপুর/ নাচোল /ভোলাহাট
১৪। উপজেলা সমবায় অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/ শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট
১৫। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ সদর/ শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট
১৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ সদর শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট
১৭। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ সদর/ শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট
১৮। চেয়ারম্যান (সকল) ....ইউনিয়ন, উপজেলা... জেলাঃ চাঁপাইনবাবগঞ্জ
১৯। পোস্ট মাস্টার (সকল) ইউনিয়ন, উপজেলা... জেলাঃ চাঁপাইনবাবগঞ্জ
২০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সংশ্লিষ্ট) ইউনিয়ন/পৌর ভূমি অফিস, উপজেলা জেলা-চাঁপাইনবাবগঞ্জ। তাকে তার ইউনিয়ন/পৌর এলাকাধীন সায়রাত মহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি স্থানীয় হাট/বাজারে ঢোল সহরত পূর্বক প্রচার করতঃ প্রতিবেদন দাখিলের জন্য ধার্য তারিখের পূর্বে অত্র দপ্তরে দাখিলের জন্য বলা হলো।
২১। ....................................
২২। অত্রাফিসের নোটিশ বোর্ড/ওয়েব সাইট ।

(মো: ইকরামুল হক নাহিদ)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ ।

CS CamScanner

**চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলার সরকারি খাস পুকুর/জলমহাল ১৪৩৩-১৪৩৫ পর্যন্ত ২য় দফায় ইজারাযোগ্য জলমহালের তালিকা:**

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | মৌজা ও জে, এল নং | দাগ নং | আয়তন (একরে) | ০৩ বছরের জন্য সরকারি মূল্য | ইজারার মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | গোবরাতলা | হরিরামপুর-১২ | ৩১৫ | ০.৬৯ | ৫৭৩৭/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ২. | গোবরাতলা | ভীমপুর-১৬ | ১৭২ | ০.৩২ | ১৬৬৭/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৩. | গোবরাতলা | ভীমপুর-১৬ | ১৮৭ | ০.৩৪ | ২৮৯২/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৪. | গোবরাতলা | ভীমপুর-১৬ | ১৮৯ | ০.৪৯ | ২৫৫৪/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৫. | গোবরাতলা | উখড়া-১৭ | ১৪৬ | ০.৪১ | ৩৪৯০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৬. | গোবরাতলা | উখড়া-১৭ | ২৬১ | ০.৪৭ | ২৪৫০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৭. | গোবরাতলা | উখড়া-১৭ | ৬৫২ | ০.৬৩ | ৩২৮২/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৮. | গোবরাতলা | চাঁপাই-২০ | ৭৭৬ | ১.০২ | ৮৬৮০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৯. | গোবরাতলা | দমদমা-২২ | ৩৪৮ | ০.১৮ | ৫৫২/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১০. | গোবরাতলা | দমদমা-২২ | ৩০২ | ১.২৭ | ৫৫১৪/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১১. | বালিয়াডাঙ্গা | দিলালপুর-৪২ | ৩৪ | ০.২২ | ১৮৭২/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১২. | বালিয়াডাঙ্গা | দিলালপুর-৪২ | ৪২ | ০.০৯ | ৪০৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১৩. | বালিয়াডাঙ্গা | দিলালপুর-৪২ | ১২৫ | ০.৩৭ | ১৯২৯/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১৪. | বালিয়াডাঙ্গা | দিলালপুর-৪২ | ১৪১ | ০.২৩ | ১২০০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১৫. | বালিয়াডাঙ্গা | রুদ্র-৪৪ | ১৪৬ | ০.৩৫ | ২৯৭৯/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১৬. | বালিয়াডাঙ্গা | রুদ্র-৪৪ | ১৫২ | ০.১৮ | ৮১০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১৭. | বালিয়াডাঙ্গা | রুদ্র-৪৪ | ৩৬৫ | ০.১৭ | ৭৬৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১৮. | গোবরাতলা | আমারক-৪৫ | ১৪৮ | ০.১৫ | ৭৮৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১৯. | গোবরাতলা | আমারক-৪৫ | ১৪৯ | ০.৩২ | ২৭২৪/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ২০. | গোবরাতলা | আমারক-৪৫ | ১৬৯ | ০.২১ | ১০৯৭/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ২১. | গোবরাতলা | আমারক-৪৫ | ১৭৮ | ০.১১ | ৭৮৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ২২. | গোবরাতলা | আমারক-৪৫ | ১৮৭ | ০.২৩ | ১২৬০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ২৩. | গোবরাতলা | আমারক-৪৫ | ২০৬ | ০.২৩ | ১৮৭৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ২৪. | গোবরাতলা | আমারক-৪৫ | ২৪২ | ০.২২ | ৯৯০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ২৫. | গোবরাতলা | আমারক-৪৫ | ১৯৯ | ০.৪৬ | ৩৬৭৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ২৬. | গোবরাতলা | আমারক-৪৫ | ৭২১ | ০.৩০ | ১৩৫০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ২৭. | গোবরাতলা | আমারক-৪৫ | ৩৯৬ | ০.১০ | ৪৫০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ২৮. | গোবরাতলা | আমারক-৪৫ | ৯৩২ | ০.১৪ | ৫৫৩/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ২৯. | গোবরাতলা | গোয়ালতোর-৪৬ | ১৭ | ০.২৯ | ২৪৭০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |

CamScanner

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৩০. | ঝিলিম | সাহাবাজপুর-৫১ | ২২ | ০.২০ | ১৬৯৯/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৩১. | ঝিলিম | সাহাবাজপুর-৫১ | ৭৭ | ০.২৪ | ২০৩৯/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৩২. | ঝিলিম | সাহাবাজপুর-৫১ | ১৩৪ | ০.২৪ | ২০৩৯/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৩৩. | ঝিলিম | সাহাবাজপুর-৫১ | ১৫১ | ০.১৯ | ৮৫৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৩৪. | ঝিলিম | সাহাবাজপুর-৫১ | ১৩৭ | ০.১৬ | ৫৫৩/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৩৫. | ঝিলিম | সাহাবাজপুর-৫১ | ১৯১ | ০.১৯ | ৯৯৪/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৩৬. | ঝিলিম | সাহাবাজপুর-৫১ | ২১৩ | ০.৩৯ | ৩৪৮৬/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৩৭. | ঝিলিম | মাড়িয়া-৫২ | ১০৩ | ০.৩২ | ২৭২৪/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৩৮. | ঝিলিম | মাড়িয়া-৫২ | ১০৮ | ০.৩৯ | ৩৩২১/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৩৯. | ঝিলিম | মাড়িয়া-৫২ | ১৩৪ | ০.২৯ | ২৪৬৯/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৪০. | ঝিলিম | মাড়িয়া-৫২ | ১৫৩ | ০.২৯ | ২৪৬৯/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৪১. | ঝিলিম | মাড়িয়া-৫২ | ১৭১ | ০.১৮ | ১৫২৯/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৪২. | ঝিলিম | মাড়িয়া-৫২ | ২০৩ | ০.৩০ | ১৬৩৩/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৪৩. | ঝিলিম | অনন্তপুর-৫৩ | ১০৩ | ০.২০ | ১৬৯৯/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৪৪. | ঝিলিম | অনন্তপুর-৫৩ | ১০৮ | ০.৩৪ | ২৮৯০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৪৫. | ঝিলিম | অনন্তপুর-৫৩ | ১৪৩ | ০৩৪ | ২৮৯০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৪৬. | ঝিলিম | আচুয়া-৫৫ | ২৩০ | ০.১৬ | ৫২৬/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৪৭. | বালিয়াডাঙ্গা | কোচলাপাড়া-৫৬ | ৬৮ | ০.২৮ | ১১৯১/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৪৮. | বালিয়াডাঙ্গা | কোচলাপাড়া-৫৬ | ৩৮৭ | ০.৯৩ | ২২,৬১০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৪৯. | বালিয়াডাঙ্গা | কোচলাপাড়া-৫৬ | ৩৯১ | ১.০১ | ২৪,৫৫৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৫০. | বালিয়াডাঙ্গা | কোচলাপাড়া-৫৬ | ৫৯৬ | ০.৪০ | ২০৮৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৫১. | বালিয়াডাঙ্গা | কোচলাপাড়া-৫৬ | ৬১৪ | ০.৩৬ | ১৮৭৬/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৫২. | বালিয়াডাঙ্গা | কোচলাপাড়া-৫৬ | ৯৪২ | ০.১৬ | ৫৫২/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৫৩. | বালিয়াডাঙ্গা | কোচলাপাড়া-৫৬ | ১০৬৭ | ০.২১ | ৯৪৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৫৪. | বালিয়াডাঙ্গা | কোচলাপাড়া-৫৬ | ১৫১৯ | ০.৫৮ | ২৭৪১/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৫৫. | বালিয়াডাঙ্গা | কোচলাপাড়া-৫৬ | ১৫৩০ | ০.১৮ | ১০৪২/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৫৬. | বালিয়াডাঙ্গা | কোচলাপাড়া-৫৬ | ১৪২২ | ০.২৯ | ১৫৬৩/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৫৭. | বালিয়াডাঙ্গা | কোচলাপাড়া-৫৬ | ১১১৯ | ০.৫৭ | ৩৭৬৪/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৫৮. | বালিয়াডাঙ্গা | কোচলাপাড়া-৫৬ | ১৫৫০ | ০.৮১ | ৪৪৪২/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৫৯. | ঝিলিম | দক্ষিণ শহর-৫৭ | ৭২৩ | ০.২০ | ৮৪০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৬০. | ঝিলিম | জামতারা-৫৮ | ১১৬ | ০.৫২ | ২৮৪৪/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |

CamScanner

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৬১. | ঝিলিম | জামতারা-৫৮ | ৫২ | ০.৫৩ | ২৭৬১/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৬২. | ঝিলিম | জামতারা-৫৮ | ২০৮ | ০.৭৫ | ৩৯০৯/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৬৩. | ঝিলিম | জামতারা-৫৮ | ২৩২ | ০.৪০ | ৩৪০৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৬৪. | ঝিলিম | জামতারা-৫৮ | ৮৮৫ | ০.৫৫ | ৩০১২/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৬৫. | ঝিলিম | জামতারা-৫৮ | ১০৮৪ | ০.৫১ | ৪৩৪১/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৬৬. | ঝিলিম | কর্ণখাড়ী-৫৯ | ৯২ | ০.৩৭ | ১৫৭৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৬৭. | ঝিলিম | কর্ণখাড়ী-৫৯ | ৫২ | ০.৫৩ | ২৭৬৩/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৬৮. | ঝিলিম | কর্ণখাড়ী-৫৯ | ১৬৪ | ০.৩৪ | ১৭৭৩/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৬৯. | ঝিলিম | কর্ণখাড়ী-৫৯ | ২৬৮ | ০.১৯ | ৮৪০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৭০. | ঝিলিম | কর্ণখাড়ী-৫৯ | ২৭০ | ০.৮৬ | ৪৭৪৮/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৭১. | ঝিলিম | কর্ণখাড়ী-৫৯ | ২৭৭ | ০.২৯ | ১৩০৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৭২. | ঝিলিম | কর্ণখাড়ী-৫৯ | ২৮১ | ০.২৭ | ১৪২৩/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৭৩. | ঝিলিম | নিজামপুর-৬০ | ৪২ | ০.১৮ | ৮১০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৭৪. | ঝিলিম | হামিদপুর-৬২ | ১০৯ | ০.১৭ | ৭৬৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৭৫. | ঝিলিম | জলাহার-৬৩ | ১৪৩ | ০.১৩ | ৬৬২/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৭৬. | ঝিলিম | কুলিন্দা-৬৪ | ৬৬ | ০.১০ | ৫২৩/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৭৭. | ঝিলিম | কুলিন্দা-৬৪ | ২৩৭ | ০.১০ | ৮৯৭/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৭৮. | ঝিলিম | কুলিন্দা-৬৪ | ২৪৮ | ০.১৯ | ৪৯৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৭৯. | ঝিলিম | কুলিন্দা-৬৪ | ২৯৭ | ০.১১ | ৫৫৩/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৮০. | ঝিলিম | কুলিন্দা-৬৪ | ৩৭০ | ০.৩৫ | ২৯৮০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৮১. | ঝিলিম | মিজ্জাদপুর-৬৫ | ২৭ | ০.২৮ | ১২৬০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৮২. | ঝিলিম | মিজ্জাদপুর-৬৫ | ৫৫ | ০.১৯ | ১৫৪২/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৮৩. | ঝিলিম | কাদিপুর-৬৬ | ১৬৭ | ০.৯৫ | ৪৯৫০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৮৪. | ঝিলিম | কাদিপুর-৬৬ | ২০৮ | ০.৪২ | ৩৫৭৭/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৮৫. | ঝিলিম | ঝিলিম-৬৭ | ৩৭ | ১.০১ | ৫২৬৭/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৮৬. | ঝিলিম | ঝিলিম-৬৭ | ১১৬ | ০.৩২ | ১৬৬৮/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৮৭. | ঝিলিম | ঝিলিম-৬৭ | ১৪৩ | ০.৭৯ | ৪০৬৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৮৮. | ঝিলিম | ঝিলিম-৬৭ | ৭২৫ | ০.২০ | ১৭০০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৮৯. | ঝিলিম | ঝিলিম-৬৭ | ৯৮২ | ০.৫০ | ২৬০৭/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৯০. | ঝিলিম | ঝিলিম-৬৭ | ২০১৪ | ০.২৪ | ২০৪০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |

CamScanner

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৯১. | ঝিলিম | দোগাছি-৭০ | ৪৯ | ০.১৯ | ৫৫২/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৯২. | ঝিলিম | ভাবুক-৭২ | ৩৭৪ | ০.১৬ | ৫২৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৯৩. | ঝিলিম | খীনগর-৭৩ | ১০৬ | ০.৩৪ | ১৭৭১/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৯৪. | ঝিলিম | খীনগর-৭৩ | ২৪২ | ০.৫০ | ৩৫৬০১/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৯৫. | ঝিলিম | খীনগর-৭৩ | ৩৩৬ | ০.২১ | ১৭০৫/-/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৯৬. | ঝিলিম | সেখপুর-৭৫ | ১১৯ | ০.৬১ | ৪৭৬২/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৯৭. | ঝিলিম | সেখপুর-৭৫ | ১২০ | ০.১৫ | ৫৫২/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৯৮. | ঝিলিম | মহিপুর-৭৭ | ৪ | ০.৩৬ | ১৭৮৮/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ৯৯. | ঝিলিম | মহিপুর-৭৭ | ৪৮ | ০.৩৭ | ৩২৩০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১০০. | ঝিলিম | শিরামপুর-৭৭ | ৫৬ | ০.৩৫ | ১৭৩৮/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১০১. | ঝিলিম | মহিপুর-৭৭ | ৬৭ | ০.৫৯ | ৫০২২/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১০২. | ঝিলিম | মহিপুর-৭৭ | ৭৭ | ০.৪১ | ২১৩৭/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১০৩. | ঝিলিম | মহিপুর-৭৭ | ৯০ | ০.৩৫ | ১২৬০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১০৪. | ঝিলিম | মহিপুর-৭৭ | ১০১ | ০.২৬ | ২৩২৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১০৫. | ঝিলিম | মহিপুর-৭৭ | ১০৬ | ০.৩৯ | ৩৩২১/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১০৬. | ঝিলিম | মহিপুর-৭৭ | ২৩২ | ০.২৩ | ১২০০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১০৭. | ঝিলিম | চটিগ্রাম-৮৩ | ২৭৭ | ০.৪৬ | ২৩৯৯/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১০৮. | ঝিলিম | চটিগ্রাম-৮৩ | ৩৬৮ | ০.২৭ | ১৪০২/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১০৯. | ঝিলিম | চটিগ্রাম-৮৩ | ৪৩৩ | ০.১১ | ৪৯৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১১০. | ঝিলিম | চটিগ্রাম-৮৩ | ৫২৫ | ০.১৯ | ৯৯৩/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১১১. | ঝিলিম | চটিগ্রাম-৮৩ | ৯৭৮ | ০.২৩ | ১৯৫৯/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১১২. | ঝিলিম | চটিগ্রাম-৮৩ | ১১৬৪ | ০.৪৪ | ৩৮১৪/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১১৩. | ঝিলিম | চটিগ্রাম-৮৩ | ১১৮৭ | ০.২৭ | ২২৯৮/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১১৪. | ঝিলিম | পুস্তমপুর-৮৫ | ৩০৬ | ০.৩৩ | ২৬৭৬/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১১৫. | ঝিলিম | কুড়ু-৮৬ | ৫৬৮ | ০.৫৫ | ৩০১২/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১১৬. | ঝিলিম | কামাইটিকর-৯২ | ৩৩ | ০.২৩ | ২০৫৭/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১১৭. | ঝিলিম | কামাইটিকর-৯২ | ৭৮ | ০.৫৭ | ২৮২৯/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |

CamScanner

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১১৮. | ঝিলিম | কামাইটিকর-৯২ | ৮১ | ০.২৩ | ১৯৬০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১১৯. | ঝিলিম | কামাইটিকর-৯২ | ১৫১ | ০.২৭ | ১৩৪০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১২০. | ঝিলিম | কামাইটিকর-৯২ | ১৮৩ | ০.২৩ | ৮৪০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১২১. | ঝিলিম | কামাইটিকর-৯২ | ২০৮ | ০.১৯ | ১৭১০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১২২. | ঝিলিম | কামাইটিকর-৯২ | ২৪৬ | ০.২৪ | ২৩৬২/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১২৩. | ঝিলিম | কামাইটিকর-৯২ | ৩০১ | ০.৩৮ | ৩২৩৪/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১২৪. | ঝিলিম | নোনাপুকুর-৯৮ | ৬৬৭ | ০.২৬ | ২২১৪/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১২৫. | ঝিলিম | নোনাপুকুর-৯৮ | ৭০১ | ০.৬১ | ৩১৭৮/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১২৬. | ঝিলিম | মাকরকোল-১০১ | ৬৭ | ০.৫২ | ৩২৩২/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১২৭. | ঝিলিম | মাকরকোল-১০১ | ১৮৭ | ০.২৫ | ১০৫০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১২৮. | বালিয়াডাঙ্গা | বৈরিয়া-১০২ | ২০ | ০.৭৪ | ৩৪৯৮/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১২৯. | বালিয়াডাঙ্গা | বৈরিয়া-১০২ | ৪৩ | ১.১৩ | ৫৩৪০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১৩০. | পৌর | কল্যানপুর-১০৫ | ১৮৭ | ০.২৫ | ১১২৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১৩১. | পৌর | মিলকী-১১০ | ৩০ | ৩.১৭ | ৬,২৫,৩০৪/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১৩২. | পৌর | মহারাজপুর-১১১ | ৭৮২ ও ১১১৩ | ২.৬৭১২ | ২,০৫,০৩৯/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১৩৩. | পৌর | হরিপুর-১১৪ | ২৫৮১ ২৫৮৪<br>২৫৮৫ ২৫৮৬<br>২৫৮৭ ২৫৮৮ | ১.১৬ | ৬০৩৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১৩৪. | রানীহাটী | রামচন্দ্রপুর-১২১ | ১৯৫ | ০.৬৭ | ৩৩০৮/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |
| ১৩৫. | রানীহাটী | রানীহাটী-১২২ | ৭৩৭৫ | ০.৫২ | ২৩৪০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত | |

২৯/০৬/২৬

(মো: ইকরামুল হক নাহিদ)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ ।

CamScanner